'বেসরকারি পর্যায়ের ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের (ডিপ্লোমা) বোর্ড কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা, ২০২৬' (খসড়া)

দি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্রাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩' এর সেকশন ১৬ এর অধীন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক ও প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ও সক্ষমতা বৃদ্ধি, চিকিৎসা শিক্ষা ও গবেষণার প্রসারতা ও দীর্ঘ মেয়াদি উন্নয়নের লক্ষ্যে অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সুনির্দিষ্ট বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো :

১| শিরোনাম: এই নীতিমালা 'বেসরকারি পর্যায়ের ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের (ডিপ্লোমা)বোর্ড কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা, ২০২৬' নামে অভিহিত হবে।

২| সংজ্ঞা: এই নীতিমালার অন্তর্ভুক্ত-

(ক) 'অর্ডিন্যান্স' অর্থ 'দি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্রাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩';
(খ) 'বোর্ড' অর্থ বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন;
(গ) 'চেয়ারম্যান' অর্থ বোর্ড এর চেয়ারম্যান;
(ঘ) 'মন্ত্রণালয়' অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
(ঙ) 'সরকার' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;
(চ) 'স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠান' অর্থ অর্ডিন্যান্স এর সেকশন ১৬ এর অধীন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহকে বুঝাবে;
(ছ) 'ব্যবস্থাপনা' অর্থ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি ও আর্থিক ব্যবস্থাপনা; এবং
(জ) 'সরকারি আর্থিক সহায়তা' অর্থ সরকার কর্তৃক প্রদত্ত নিঃশর্ত বা আংশিক শর্তযুক্ত আর্থিক সাহায্য;

৩| নীতিমালার প্রয়োগ: বাংলাদেশে অবস্থিত বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত ডিপ্লোমা পর্যায়ের বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

৪| বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনা: বেতন সহায়তা প্রাপ্তির জন্য কোনো স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত আবশ্যকীয় শর্তাবলি পূরণ করতে হবেঃ

(ক)'দি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩' এর অধীন স্বীকৃতি বিদ্যমান থাকা;
(খ) প্রতিষ্ঠানের নিজস্ব আয়, সরকারি সহায়তার অর্থ এবং অন্যান্য উৎস হতে প্রাপ্ত অর্থ হতে বেতন ব্যয় নির্বাহের ব্যবস্থা ;
(গ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত অর্গানোগ্রাম এবং নিয়োগবিধি অনুসরণ;
(ঘ) প্রতিষ্ঠানের স্বীকৃতির শর্তাবলি যথাযথভাবে বাস্তবায়িত থাকা;
(ঙ) শিক্ষার্থী সংখ্যা প্রতি বর্ষে ন্যূনতম ২০ জন এবং ৪টি বর্ষে সর্বমোট ন্যূনতম ৮০ জন;
(চ) বহিঃর্বিভাগীয় দাতব্য চিকিৎসা ব্যবস্থা রেজিস্টারে লিপিবদ্ধ করে যথাযথভাবে কার্যকর থাকা এবং পর্যাপ্ত ঔষধসহ ফার্মেসী;
(ছ) ব্যবহারিক শিক্ষার জন্য ভেষজ বাগান ও ল্যাবরেটরি বিদ্যমান থাকা;
(জ) শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীর হাজিরা এবং দাতব্য চিকিৎসা কার্যক্রমের বিবরণ প্রতি তিন মাস অন্তর বোর্ডে প্রেরণ করা;
(ঝ) প্রয়োজন অনুযায়ী বোর্ডের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠান সমূহ অতিরিক্ত জনবল নিয়োগ করতে পারবে;
(ঞ) চাকুরীতে নিয়োগ লাভের অন্ততঃ ০৬ মাস শিক্ষানবিশকাল পূর্ণ হলে বেতন সহায়তা সুবিধা প্রাপ্য হবে; এবং
(ট) প্রতিষ্ঠানের যেকোনো পদে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

৫| কেবল পূর্ণকালীন চাকুরিরতদের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে সরকারি বেতন স্কেল অনুসরণ করতে হবে এবং সরকারি বেতন স্কেলের বাইরে কোনো অর্থ প্রদান করতে হলে তা প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে। চাকরির মেয়াদ শেষে পুনঃনিয়োগপ্রাপ্ত, চুক্তি ভিত্তিক নিয়োগ, খন্ডকালীন চাকরিতে নিয়োগপ্রাপ্তগণ এ নীতিমালার আওতায় ভাতা প্রাপ্ত হবেন না।

০৭/০৮/২৫ ০৭/০৮/২৫ ০৭/০৮/২৫ ৭/৮/২৫

CamScanner

ডিপ্লোমা পর্যায়

৬। **বেতন-ভাতাদির সরকারি অংশ সাময়িক স্থগিত, কর্তন, বাতিলকরণ:** বোর্ড এ নীতিমালার অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের বেতন সুনির্দিষ্ট বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে অর্থ বরাদ্দ, নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে স্থগিত, কর্তন বা বাতিল করতে পারবে, যদি:

(ক) এ নীতিমালায় বর্ণিত কোনো শর্ত পূরণ করা না হয়;

(খ) সরকার বা বোর্ড কর্তৃক নির্দেশিত আদেশ ও বিধি-বিধান লংঘন করা হয়;

(গ) ভুয়া তথ্য প্রদান, নিয়োগে অনিয়ম অথবা কোনো অসদুপায় অবলম্বন প্রমাণিত হয়; এবং

(ঘ) নিধার্রিত নিয়মে আয়-ব্যয় হিসাব সংরক্ষণ ও যথাসময়ে অডিট সম্পন্ন করা না হয়।

উল্লেখ্য যে, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন হতে অনুমতি প্রাপ্তির পর আর্থিক ও সাংগঠনিক সক্ষমতা অর্জনের জন্য ৫ বছর পর্যন্ত আর্থিক অনুদান প্রদান করা হবে এবং ৫ বছর পর স্বয়ংক্রিয়ভাবে অনুদান সহায়তা বন্ধ হয়ে যাবে।

৭। **পুনঃবিবেচনা:** কোনো শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারীর বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে বরাদ্দের অর্থ সাময়িক বন্ধ, কর্তন বা বাতিল হলে সে, প্রতিষ্ঠান বা ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বোর্ডের চেয়ারম্যান বরাবর যৌক্তিকতাসহ আবেদন করতে পারবে। এক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক নিম্নরূপ কার্যাদি সম্পন্ন করা যাবে-

(ক) প্রাপ্ত আবেদন যাচাই-বাচাই করে যৌক্তিক মনে হলে পুনঃবিবেচনা করা যাবে; কিংবা

(খ) মতামতসহ অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৮। **জনবল কাঠামো ও বেতন স্কেল:** ডিপ্লোমা পর্যায়ের বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো, নিয়োগ যোগ্যতা, নিয়োগ পদ্ধতি ও বেতন স্কেল এ নীতিমালার **'তফসিল-ক'** অনুযায়ী নির্ধারিত হবে।

৯। **সরকারি সহায়তার হার:**

(i) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রকাশিত সর্বশেষ সহায়তাপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ প্রস্তাবনা প্রণয়ন, বরাদ্দকৃত অর্থ ছাড়করণ ও ব্যয় নীতিমালা অনুসরণ করা হবে। সরকারি সহায়তার অর্থ বিভাজনের হার বোর্ড কর্তৃক নির্ধারিত হবে এবং মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

(ii) সহায়তা প্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের অনুকূলে সহায়তা খাতে মোট বরাদ্দকৃত অর্থের পরিমানের মধ্যে বেতন ভাতা খাতে অর্থের প্রয়োজন হলে তা চাহিদার ভিত্তিতে বাস্তবতার নিরিখে যথাযথ প্রক্রিয়ায় মন্ত্রণালয় যাচাই বাছাই করে অনুমোদন প্রদান করবে।

১০। **কলেজের সিলেকশন কমিটির গঠন:** কলেজের জনবল নিয়োগ/পদোন্নতির লক্ষ্যে নিম্নরূপভাবে সিলেকশন কমিটি গঠন করতে হবে:

সংশ্লিষ্ট কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি/সভাপতি কর্তৃক মনোনীত উক্ত কলেজের ম্যানেজিং কমিটির একজন সদস্য	আহ্বায়ক
সংশ্লিষ্ট কলেজের একজন শিক্ষক প্রতিনিধি (ইউনানী/আয়ুর্বেদিক)	সদস্য
বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন এর প্রতিনিধি	সদস্য
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কলেজের ম্যানেজিং কমিটিতে মনোনীত প্রতিনিধি	সদস্য
অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ	সদস্য-সচিব

১১। **রহিতকরণ ও হেফাজত:** এ নীতিমালা জারির পূর্বে নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে এ নীতিমালার বিধান প্রযোজ্য হবেনা। তবে উক্ত পদে নিয়োগপ্রাপ্তগণ এ নীতিমালায় উল্লিখিত বেতন কাঠামো নির্ধারণ ও ব্যবস্থাপনার অনুযায়ী বিবেচিত হবেন।

০৯/০৮/২৫

০৯/০৮/২৫

Rahela Rahmat Ullah
Deputy Secretary
Medical Education and Family Welfare Division
Ministry Of Health and Family welfare

০৯/০৮/২৫

আলাউদ্দিন আলী
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৯/৮/২৫

ড. সেরেদা সালমা চৌধুরী
যুগ্ম সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

CamScanner

তফসিল-ক

ডিপ্লোমা পর্যায়ের বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো, নিয়োগ যোগ্যতা ও বেতন কাঠামো (প্রস্তাবিত)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
১.	অধ্যক্ষ	০১	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক; অথবা, (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমা ও তৎসহ অপর যে কোনো শাখায় স্নাতক যেমন ফাজেল/বিএ/বিএসসি ইত্যাদি।	**(১) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:** ক) অধ্যাপক পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয়/আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশনা। **২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** ক) কমপক্ষে ১৮ বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয়/আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশনা।	সর্বোচ্চ ৫৫ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০)	৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০)
২.	অধ্যাপক (কমন)	০২	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক; অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো	**(১) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:** ক) সহযোগী অধ্যাপক পদে অন্যূন ৩(তিন) বৎসরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/ আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৪ (চার)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয়/আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক	সর্বোচ্চ ৫০ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের	-	৫ম গ্রেড (৪৩০০০-৬৯৮৫০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
			প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমা ও তৎসহ অপর যে কোনো শাখায় স্নাতক যেমন ফাজেল/বিএ/বিএসসি ইত্যাদি।	কমপক্ষে ০৪ (চার)টি প্রকাশনা। **২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** ক) কমপক্ষে ১৫ (পনেরো) বছর শিক্ষকতার অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/ আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৪ (চার)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয় /আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০৪ (চার)টি প্রকাশনা।		মাধ্যমে।		
৩.	সহযোগী অধ্যাপক (কমন)	০২	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক, অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমা ও তৎসহ অপর যে কোনো শাখায় স্নাতক যেমন ফাজেল/বিএ/বিএসসি ইত্যাদি।	**(১) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:** (ক) সহকারী অধ্যাপক পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা; এবং (খ) ইউনানী/আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয়/আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশনা। **(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কমপক্ষে ১২(বারো) বছর শিক্ষাদানের অভিজ্ঞতা; এবং (খ) ইউনানী/ আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশিত মৌলিক রচনা।	সর্বোচ্চ ৪৫ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	-	৬ষ্ঠ গ্রেড (৩৫৫০০-৬৭০১০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
৪.	সহকারী অধ্যাপক (কমন)	০৪	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক, অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমা ও তৎসহ অপর যে কোনো শাখায় স্নাতক যেমন ফাজেল/বিএ/বিএসসি ইত্যাদি।	**(১) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে:** ক) প্রভাষক পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০২ (দুই)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয় /আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০২ (দুই)টি প্রকাশনা। **২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** ক) স্বীকৃত কোন ইউনানী/আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতা; এবং খ) ইউনানী/আয়ুর্বেদিক শাস্ত্র বিষয়ক কমপক্ষে ০২ (দুই)টি প্রকাশিত মৌলিক রচনা অথবা স্বীকৃত জাতীয়/ আন্তর্জাতিক জার্নালে ইউনানী/আয়ুর্বেদিক বিষয়ক কমপক্ষে ০২ (দুই)টি প্রকাশনা।	সর্বোচ্চ ৪০ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৬ষ্ঠ গ্রেড (৩৫৫০০-৬৭০১০)	৭ম গ্রেড (২৯০০০-৬৩৪১০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
৫.	প্রভাষক: <u>ইউনানী:</u> প্রভাষক-১ সাধারণ বিজ্ঞান (General Science) প্রভাষক-২ [এলমুত্-তাশরীহ (Anatomy) এবং জারাহিয়াত (Surgery)] প্রভাষক-৩ [মানাফেউল-আ'যা (Physiology) এবং মাহিয়াতুল আমরাজ (Pathology)] প্রভাষক-৪ [কুল্লিয়াতে তিব্ব (Basic Principles of Unani Medicine) এবং তারীখে তিব্ব (History of Unani Medicine)] প্রভাষক-৫ [কুল্লিয়াতে আদভিয়া (Principles of Pharmacology) এবং এলমুল-আদভিয়া (Pharmacology/Materia Medica)] প্রভাষক-৬ [এলমুস্-ছায়দালা ও আদভিয়া মুরাক্কাবাহ্ (Pharmaceutics and Compound	১০	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক; অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।	-	সর্বোচ্চ ৩২ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)
				-	সর্বোচ্চ ৩২	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
	Drugs) এবং তিব্বুল-কানুন ও এলমুস্ সমুম (Forensic Medicine & Toxicology)] প্রভাষক-৭ মু'আলাজাত (Unani Medicine) প্রভাষক-৮ [হিফজানে ছেহাত ও সমাজী তিব্ব (Hygiene & Community Medicine) এবং মাতাব (Clinics) প্রভাষক-৯ [আমরাজে নিস্ওয়ান (Gynaecology) এবং এলমুল কাবেলা ও আমরাজে আতফাল (Midwifery & Paediatrics)] প্রভাষক-১০ [এলমুত্ তাশখীছ (Diagnostics) এবং আমরাজে আইন, উযুন, আন্ফও হাল্ক (Diseases of the Eye-Ear-Nose-Throat)] **অথবা,** <u>আয়ুর্বেদিক:</u> প্রভাষক-১ [সাধারণ বিজ্ঞান (General Science)		(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক; অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। (ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো	-	বৎসর সর্বোচ্চ ৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে। কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
	এবং আয়ুর্বেদের ইতিহাস (History of Ayurvedic Medicine)] প্রভাষক-২ [শারীর রচনা বিজ্ঞান (Anatomy) এবং শল্য বিদ্যা (Surgery)] প্রভাষক-৩ [শারীর ক্রিয়া বিজ্ঞান (Physiology) এবং বিকৃতি বিজ্ঞান (Pathology)] প্রভাষক-৪ [দ্রব্যগুণ বিজ্ঞান-পরিভাষা (Ayurvedic Materia Medica & Terminology) প্রভাষক-৫ [অষ্টাংগ সংগ্রহ (Basic Principles of Ayurveda) এবং রোগ বিজ্ঞান (Etiology)] প্রভাষক-৬[রসশাস্ত্র ও ভৈষজ্যকল্পনা (Ayurvedic Chemistry & Pharmaceutics) এবং রসায়ন ও বাজীকরণ (Rasayana O Vaji-Karana vidya)] প্রভাষক-৭[প্রসূতিতন্ত্র ও কৌমারভৃত্য (Midwifery & Paediatrics) এবং স্ত্রীরোগ বিজ্ঞান (Gynaecology)] প্রভাষক-৮[চরক সংহিতা		প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক; অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।					

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
	(Charaka: Ayurvedic Medicine) এবং রোগ নির্ণয় পদ্ধতি (Diagnostics)] প্রভাষক-৯[স্বাস্থ্য বিজ্ঞান ও সামাজিক চিকিৎসা (Hygiene & Community Medicine) এবং কায়চিকিৎসা (Treatment of Internal Diseases/General Medicine)] প্রভাষক-১০ [ব্যবহার বিজ্ঞান ও অপদতন্ত্র (Forensic Medicine & Toxicology) এবং শালাক্যতন্ত্র (Diseases of the Eye-Ear-Nose-Throat)]							

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
৬.	<u>ইউনানী:</u> প্রভাষক (এমবিবিএস)-১: [এলমুত-তাশরীহ (Anatomy) এবং জারাহিয়াত (Surgery)] প্রভাষক (এমবিবিএস)-২: [মানাফে উল-আ'যা (Physiology) এবং মাহিয়াতুল আমরাজ (Pathology] **অথবা,** <u>আয়ুর্বেদিক:</u> প্রভাষক (এমবিবিএস)-১: [শারীর রচনা বিজ্ঞান (Anatomy)	০২	বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হইতে এম.বি.বি.এস ডিগ্রিধারী।	-	সর্বোচ্চ ৩২ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
	এবং শল্য বিদ্যা (Surgery)] প্রভাষক (এমবিবিএস)-২: [শারীর ক্রিয়া বিজ্ঞান (Physiolog) এবং বিকৃতি বিজ্ঞান (Pathology)]							
৭.	মেডিক্যাল অফিসার (বহি:বিভাগ)	০১	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক, অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের শিক্ষাগত	সংশ্লিষ্ট চিকিৎসা পেশায় বোর্ডের নিবন্ধনসহ কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।	সর্বোচ্চ ৩২ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
			যোগ্যতা।					
৮.	উৎপাদন কর্মকর্তা	০১	(ক) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতক, অথবা (খ) অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।	**পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রেঃ** উৎপাদন সহকারী পদে ০৫ বছরের চাকরির অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** বোর্ডের নিবন্ধসহ কোনো ঔষধ শিল্প প্রতিষ্ঠানে দুই বছর কাজের অভিজ্ঞতা।	সর্বোচ্চ ৩২ বৎসর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১০ম গ্রেড (১৬০০০-৩৮৬৪০)	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)
৯.	উৎপাদন সহকারী	০১	অধ্যাদেশের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান হতে ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসায় ডিপ্লোমাসহ বোর্ডের নিবন্ধনপ্রাপ্ত।	-	সর্বোচ্চ ৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০)	১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০)
১০.	হিসাব রক্ষক	০১	বাণিজ্যে স্নাতক	**পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রেঃ** ক্যাশিয়ার পদে ০৫ (পাঁচ) বছরের	সর্বোচ্চ ৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের	১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০)	১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
				অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** হিসাব রক্ষণে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা ও কম্পিউটার চালনায় দক্ষতা।		ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		
১১.	ক্যাশিয়ার •	০১	কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	কম্পিউটার চালনায় দক্ষতা	সর্বোচ্চ ৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	-	১৬তম গ্রেড (১০২০০-২৪৬৮০)
১২.	সহকারী লাইব্রেরিয়ান	০১	(ক) স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ তৎসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা, অথবা (খ) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ।	কম্পিউটার চালনায় দক্ষতা	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	-	(ক) ১০ম গ্রেড ১৬০০০-৩৮৬৪০০ (খ) ১৬তম গ্রেড ৯৩০০-২২৪৯০
১৩.	ইনস্ট্রাক্টর/ডেমোনেস্ট্রেটর	০১	বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও পারদর্শিতা থাকতে হবে।	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের	-	১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০)

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
						মাধ্যমে।		
১৪.	ল্যাব এ্যাসিসটেন্ট	০১	সরকার অনুমোদিত ইনস্টিটিউট অব হেলথ (আইএইচটি)/মেডিকেল টেকনোলজি (ম্যাটস) হতে ডিপ্লোমা ডিগ্রিধারী।	কমপক্ষে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	-	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)
১৫.	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	০১	কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬ মাস মেয়াদী কম্পিউটার ডিপ্লোমাধারী।	**পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রেঃ** অফিস সহায়ক পদে ০৫ (পাঁচ) বছরের চাকরি ও কম্পিউটার পরিচালনায় ও বাংলা-ইংরেজী অপারেটিং জ্ঞান। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কম্পিউটার পরিচালনায় ও বাংলা-ইংরেজী অপারেটিং জ্ঞান।	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)
১৬.	ষ্টোর কীপার**	০১	কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	কম্পিউটার পরিচালনায় ও বাংলা-ইংরেজী অপারেটিং জ্ঞানের ক্ষেত্রে অগ্রাধিকার।	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)
১৭.	কম্পাউন্ডার (অন্ত:/বহি: বিভাগ)	০১	কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	ইউনানী-আয়ুর্বেদিক ভেষজ উপাদান সম্পর্কে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা।	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)	১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০)
১৮.	অফিস সহায়ক	০২	কোন স্বীকৃত বোর্ড হতে	-	৩২ বছর	কলেজের	২০তম গ্রেড	২০তম গ্রেড

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতি ও সরাসরি উভয় নিয়োগ প্রক্রিয়া)	অভিজ্ঞতা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতন কাঠামো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	
							বিদ্যমান (২০১৮ সালের নীতিমালা অনুযায়ী)	প্রস্তাবিত
			এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কজে ০২ বছরের অভিজ্ঞতা।			সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(৮২৫০-২০০১০)	(৮২৫০-২০০১০)
১৯.	দারোয়ান	০২	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	-	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)
২০.	নৈশ প্রহরী	০১	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	-	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)
২১.	পরিচ্ছন্নতা কর্মী	০১	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	-	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)
২২.	আয়া	০১	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	-	৩২ বছর	কলেজের সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে।	-	২০তম গ্রেড (৮২৫০-২০০১০)
	মোটঃ	৩৯						